



মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।
ISO 9001:2015 Certified



E-mail: mngpbs@yahoo.com
Web: www.pbs.munshiganj.gov.bd

১৬ তম বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সম্মানিত গ্রাহক-সদস্যদের জ্ঞাতার্থে আশানো যাইতেছে যে, আগামী ২৪/০২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ৯:০০ ঘটিকায় সমিতির প্রধান কার্যালয়, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ প্রাঙ্গণে সমিতির ১৬ তম বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হইবে।

“সভার অনুষ্ঠান সূচী”

সময়	বিষয়
০৯-১১	গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন, পারস্পরিক যোগাযোগ ও প্রদর্শনী ষ্টল পরিদর্শন।
১১:০১	সভাপতি, পরিচালক মন্ডলী ও মহিলা পরিচালক বৃন্দের সভামঞ্চে আসন গ্রহণ ও সভাপতি কর্তৃক সভা উদ্বোধন।
১১:০৫	পবিত্র কোরআন তেলাওয়াত।
১১:১০	বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি পাঠ।
১১:২০	কোরাম নির্ধারণ কক্ষে সদস্যগণের উপস্থিতি জনিত হিসাব প্রদান।
১১:৩০	বার্ষিক প্রতিবেদন পাঠঃ
	ক) চেয়ারম্যান মহোদয়ের বাণী পাঠ।
	খ) সভাপতির প্রতিবেদন।
	গ) কোষাধ্যক্ষের প্রতিবেদন।
	ঘ) জেনারেল ম্যানেজারের প্রতিবেদন।
১২:৩০	প্রশ্নোত্তর পর্ব।
১৩:০০	লটারী ড্র।
১৩:১০	পুরস্কার বিতরণী।
১৩:৩০	নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনী ফলাফল ঘোষণা।
১৩:৪০	সভার মূলতবীকরণ।

বার্ষিক সদস্য সভায় অংশগ্রহণকারী গ্রাহক সদস্যগণের জ্ঞাতব্য বিষয়ঃ

২২/০৭/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমিতির বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী শুধুমাত্র ২৬/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযোগ প্রাপ্ত গ্রাহক-সদস্যগণ আগামী ২৪/০২/২০২৪ খ্রিঃ তারিখের ১৬ তম বার্ষিক সদস্য সভায় অংশ গ্রহন করিতে পারিবেন।

বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি প্রেরণঃ

এই বিজ্ঞপ্তি ডাকযোগে/বাহক মারফত/ বিদ্যুৎ বিলের সহিত বা অন্য কোন পন্থায় সকল সদস্যকে সমিতিতে তাহাদের রেকর্ডকৃত ঠিকানায় প্রেরিত হইলেই বিজ্ঞপ্তি যথাসময়ে গ্রাহক সদস্য কর্তৃক প্রাপ্ত হইয়াছেন বলিয়া বিবেচিত হইবে।

গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশনঃ

বার্ষিক সদস্য সভায় গ্রাহক-সদস্যগণের রেজিস্ট্রেশন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গ্রাহক-সদস্যগণের সদস্য সার্টিফিকেট/ডিসেম্বর'২০২৩ খ্রিঃ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের কপি অবশ্যই সঙ্গে আনিবার জন্য অনুরোধ করা হইল।

নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধকারী গ্রাহকদের জন্য জ্ঞাতব্যঃ

অত্র সমিতিভুক্ত নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধকারী গ্রাহক-সদস্যদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, যাহারা জানুয়ারী' ২০২৩ খ্রিঃ হইতে ডিসেম্বর ' ২০২৩ খ্রিঃ পর্যন্ত ১২ মাসের মাসিক বিদ্যুৎ বিল বিলম্ব মাস্তুল ছাড়া পরিশোধ করিয়াছেন, তাহাদের মধ্য হইতে লটারীর মাধ্যমে উত্তম গ্রাহক নির্ধারণ পূর্বক পুরস্কৃত করা হইবে।

প্রশ্নপত্র প্রদানঃ

সম্মানিত গ্রাহক-সদস্যদের সমিতির কার্যক্রম সংশ্লিষ্ট কোন প্রশ্ন/সুপারিশ থাকিলে তাহা আগামী ২৭/০১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ শনিবার অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তরে জেনারেল ম্যানেজার বন্ধাবর লিখিত ভাবে প্রশ্ন প্রদান করিতে হইবে। বার্ষিক সদস্য সভার দিন কোন প্রশ্ন গ্রহন করা হইবে না। সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া, সদস্যদের সমষ্টিগত স্বার্থে সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা সমিতির সম্মানিত সকল সদস্যদের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ ও পবিত্র দায়িত্ব। ১৬ তম বার্ষিক সদস্য সভা ও তৎপূর্বে সংশ্লিষ্ট এলাকা পরিচালক নির্বাচন সমিতির সুষ্ঠু পরিচালনায় সম্মানিত সদস্যদের নিজ নিজ অধিকার প্রয়োগ ও দায়িত্ব পালনের সুযোগ আনিয়া দেয়।

এমতাবস্থায়, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সকল গ্রাহক সদস্যকে ১৬ তম বার্ষিক সদস্য সভায় যোগদান ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকা পরিচালক নির্বাচনে অংশ গ্রহণ করতঃ তাহাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার জন্য সাদর আমন্ত্রণ জানানো যাইতেছে।

মোঃ আমির হোসেন তালুকদার
সচিব, সমিতি বোর্ড
মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি